JYNNEOS টিকার প্রয়োগ

JYNNEOS টিকার দুই প্রকারের প্রয়োগ

mpox (অতীতে মাঙ্কিপক্স হিসেবে উল্লেখিত) প্রতিরোধকারী JYNNEOS টিকা দু'ভাবে দেওয়া যেতে পারে: ত্বকের নিচে ও বহিঃস্ত্বক ও অন্তস্ত্বকের মধ্যে। একই টিকা এই দুইভাবেই দেওয়ার জন্য ব্যবহার করা হয়, কিন্তু বহিস্ত্বক ও অন্তস্ত্বকের মধ্যে প্রয়োগের ক্ষেত্রে টিকার কম ডোজ ব্যবহার করা হয় (ত্বকের নিচে দেবার জন্য যতটা প্রয়োজন হয় তার এক পঞ্চমাংশ)। এই কারণে, বহিস্ত্বক ও অন্তস্ত্বকের মধ্যে টিকা দেওয়া হলে তা অনেক বেশি সংখ্যক মানুষকে টিকা পাবার সুযোগ করে দিতে পারে।



- **ত্বকের নিচে প্রয়োগের** ক্ষেত্রে, ত্বকের একেবারে গভীর পরতের মধ্যে ইনজেকশন দেওয়া হয়, চর্বিযুক্ত ত্বকনিম্নস্থ কোষকলায়। এইভাবেই অন্যান্য অনেক টিকা দেওয়া হয়ে থাকে, গুটিবসন্ত এবং হাম, মাম্পস ও রুবেলা (measles, mumps and rubella, MMR) টিকা সমেত। ত্বকের নিচে দেওয়া JYNNEOS টিকার ইনজেকশন সাধারণত বাহুর উপরের অংশে দেওয়া হয়।



- **বহিস্ত্বক ও অন্তস্ত্বকের নিচে প্রয়োগের** ক্ষেত্রে, এই টিকা ত্বকের বাইরের পরতের ঠিক নিচে দেওয়া হয়, যাকে বহিস্ত্বক বলে। সূচটিকে কম কোণে ধরা হয়, ত্বকের কাছাকাছি রেখে। বহিস্ত্বকে অনেক বেশি সংখ্যক কোষকলা থাকে যা শরীরের রোগপ্রতিরোধজনিত প্রতিক্রিয়াকে ত্বকনিম্নস্থ কোষকলার থেকে বেশি মাত্রায় উদ্দীপিত করে, যার অর্থ হল, একই সুরক্ষা পেতে কম মাত্রায় টিকার ডোজ দেওয়া যেতে পারে। বহিস্ত্বক ও অন্তস্ত্বকের মধ্যে ইনজেকশন সাধারণত যক্ষা এবং অ্যালার্জি পরীক্ষার জন্য ব্যবহার করা হয়ে থাকে।

পার্শ্ব প্রতিক্রিয়া

JYNNEOS টিকা ত্বকের ঠিক নিচে বা বহিস্ত্বক ও অন্তস্ত্বকের মধ্যে যেভাবে নেওয়া হোক ক্লান্তি, মাথাব্যথা এবং মাংসপেশীতে ব্যথা হতে পারে। দুই প্রকারের টিকাই সাধারণত ইনজেকশন দেবার স্থান লাল হয়ে ওঠা, ফোলা, ক্ষতা তৈরি হওয়া এবং চুলকানির মতো বিষয়গুলির কারণ হতে পারে; তবে, এইসব প্রতিক্রিয়াগুলি সাধারণত অপেক্ষাকৃত খারাপ হয় এবং বহিস্ত্বক ও অন্তস্ত্বকের মধ্যে প্রয়োগের ক্ষেত্রে তা বেশিক্ষণ স্থায়ী হয়। একটি অধ্যয়নে দেখা গেছে, বহিস্ত্বক ও অন্তস্ত্বকের মধ্যে টিকা প্রয়োগ করা হয়েছে এমন প্রায় লোকেরই টিকা নেবার স্থান তীব্রভাবে লাল হয়েছে এবং ফুলে উঠেছে (আকারে যা এক ইঞ্চিরও বেশি ছিল), এবং তাদের এক-তৃতীয়াংশের ইনজেকশন নেবার স্থান হালকা লাল ও বিবর্ণ হয়েছিল, যা ছয় মাস বা তারও বেশি সময় ধরে স্থায়ী হয়েছিল।

NYC Health

বহিস্ত্বক ও অন্তস্ত্বকের মধ্যে দেওয়া ইনজেকশনের ক্ষেত্রে যেহেতু কেলয়েড স্কার বা উত্থিত ক্ষতচিহ্ন (পুরু, উত্থিত ক্ষতচিহ্ন যা গোলাপি, লাল, অথবা ত্বকের রংয়েরই বা চারপাশের ত্বকের রংয়ের থেকে গাঢ় রংয়ের হতে পারে) তৈরি হওয়ার ভয় থাকে, তাই যাদের কেলয়েড স্কার আছে তাদের যেন এই JYNNEOS টিকা ত্বকের নিচে নেওয়া উচিৎ। যে সব লোকেদের ত্বক অপেক্ষাকৃত কালো হয় (বেশি মেলানিন থাকে), বিশেষকরে কৃষ্ণাঙ্গ, লাতিন এবং এশীয়ার লোকেদের, এবং যে সব লোকেদের বয়স 20 থেকে 30 বছরের মধ্যে তাদের মধ্যেই এই কেলয়েড স্কার তৈরির সম্ভাবনা বেশি থাকে।

কেলয়েড স্কার (উত্থিত ক্ষতচিহ্ন)

এই সব টিকাগুলির পার্শ্বপ্রতিক্রিয়াগুলির ব্যাপারে বিবেচনার ক্ষেত্রে, এটি মনে রাখা জরুরি যে, আপনার যদি mpox হয়, তাহলে আপনার ত্বকে স্থায়ীভাবে দাগ থেকে যাওয়া ও তার রং পরিবর্তিত হবার ঝুঁকি থেকে যায়।

টিকাগুলি কতটা ভাল কাজ করে?

কারণ mpox-এর এটাই সর্বপ্রথম, বড়মাপের প্রাদুর্ভাব, তাই এ ব্যাপারে সারা বিশ্বের বাস্তবিক কোন ডেটা নেই যে এই দুই ধরনের ইনজেকশন বর্তমান প্রাদুর্ভাবের বিরুদ্ধে কতটা ভাল কাজ করে। তবে, ডেটার উপর এবং আমরা টিকা সম্পর্কে সাধারণভাবে যা যা জানি তার উপর ভিত্তি করে বিশেষজ্ঞদের মত হল টিকা প্রয়োগের এই দুটি পদ্ধতিই নিরাপদ এবং একইরকম সুরক্ষা প্রদান করে।

রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) এবং খাদ্য ও ঔষধ কর্তৃপক্ষ (Food and Drug Administration, FDA)-এর বহিস্ত্বক ও অন্তস্ত্বকের মধ্যে টিকা প্রয়োগের অনুমতি দেবার সিদ্ধান্তের ভিত্তি ছিল 524 জন ব্যক্তিকে নিয়ে চালানো একটি অধ্যয়ন। এই অধ্যয়ন থেকে জানা গেছে যে, JYNNEOS টিকার ইনজেকশন ত্বকের নিচে ও বহিস্ত্বক ও অন্তস্ত্বকের মধ্যে একই পরিমাণে অ্যান্টিবডি তৈরি করতে সক্ষম। কোন একটি টিকা কতটা ভাল কাজ করছে তা অনুমানের উপায় হল অ্যান্টিবডির মাত্রার পরিমাপ। অধ্যয়নটির ব্যাপারে পড়ার জন্য দেখুন, **pubmed.ncbi.nlm.nih.gov/26143613**।

অতি সম্প্রতি, আরেকটি অধ্যয়নে দেখা গেছে, যেখানে সাম্প্রতিক প্রাদুর্ভাবের সময় mpox-এ আক্রান্ত 9,500-এর বেশি পুরুষদের টিকা দেওয়া হয়েছিল, বহিঃস্ত্বক ও অন্তস্ত্বকের মধ্যে এবং ত্বকের নিচে দেওয়া JYNNEOS টিকা একইরকম সুরক্ষা দিতে পারে। অধ্যয়নটির ব্যাপারে পড়ার জন্য **dx.doi.org/10.15585/mmwr.mm7149a5** দেখুন।

গুরুত্বপূর্ণ উপলব্ধি

- ✓ mpox থেকে মানুষকে বাঁচানোর একটি গুরুত্বপূর্ণ উপায় হল JYNNEOS টিকা।
- ✓ ত্বকের নিচে এবং বহিঃস্ত্বক ও অন্তস্ত্বকের মধ্যে এই দুই প্রকারের প্রয়োগ পদ্ধতিই নিরাপদ এবং সমপর্যায়ের সুরক্ষা প্রদান করে।
- ✓ বহিঃস্ত্বক ও অন্তস্ত্বকের মধ্যে ইনজেকশন দিলে আপনার ইনজেকশন দেবার স্থানটি লাল হয়ে যাবার ও ফুটে ওঠার বেশি সম্ভাবনা থাকে; এছাড়াও ইনজেকশন দেবার জায়গা দীর্ঘ সময়ের জন্য স্থায়ীভাবে বিবর্ণ বা দাগযুক্ত হয়ে যেতে পারে, বিশেষকরে অপেক্ষাকৃত কালো ত্বকের ব্যক্তিদের ক্ষেত্রে।

JYNNEOS টিকা সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য দেখুন, **on.nyc.gov/JYNNEOS-faq-be**।